রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ২৭, ২০১৭**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

**পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর ও নং ২৮২-আইন/২০১৭।**—Police Act, 1861 (Act No. V of 1861) এর section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে মহা-পুলিশ পরিদর্শক, সরকারের পূর্বানুমোদনক্রমে, হাইওয়ে পুলিশ বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১০ এর পর নিম্নরূপ নূতন বিধি ১০ক সন্নিবেশিত হইবে, যথা :—

"১০ক। **তদন্ত, ইত্যাদি।**—(১) হাইওয়ে পুলিশ বিধি ৯ এর অধীন দায়িত্ব পালনের সময় নিজ অধিক্ষেত্রের মধ্যে সংঘটিত কোন অপরাধের তদন্ত নিম্নবর্ণিত পদ্ধতিতে সম্পন্ন করিবে, যথা :—

(ক) অপরাধ সংঘটনের সঙ্গে সঙ্গে অথবা মামলা রুজু হওয়ার ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে প্রাথমিক তথ্য বিবরণীর (F.I.R.) অনুলিপি থানার অফিসার ইন চার্জ সংশ্লিষ্ট হাইওয়ে পুলিশ সুপারকে প্রদান করিবেন ;

(খ) প্রাথমিক Crime Scene Management হইতে মামলা হস্তান্তর হওয়ার পূর্ব পর্যন্ত থানা পুলিশ ঘটনাস্থল সংরক্ষণ, প্রাথমিক তদন্ত ও আসামী গ্রেফতার করিবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, হাইওয়ে পুলিশ নিজ অধিক্ষেত্রের মধ্যে সংঘটিত অপরাধ ব্যতীত সরকার বা মহা-পুলিশ পরিদর্শক কর্তৃক, সময় সময়, নির্দেশিত যে কোন অপরাধের তদন্ত পরিচালনা করিতে পারিবে।



**মূল্য :** টাকা ৪.০০

(৩) অপরাধের তদন্ত বিষয়ে হাইওয়ে পুলিশ, প্রয়োজনে, সিআইডি এবং পিবিআই এর সহযোগিতা গ্রহণ করিতে পারিবে।

(৪) থানা এবং হাইওয়ে পুলিশ কর্তৃক একই সময়ে কোন মামলা তদন্তের বিষয়ে জটিলতার সৃষ্টি হইলে মহা-পুলিশ পরিদর্শক এর সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হইবে।

(৫) এই বিধিমালার অধীন সুষ্ঠু তদন্ত পরিচালনার প্রয়োজনে হাইওয়ে পুলিশের হাজতখানা, মালখানা ও জিজ্ঞাসাবাদ কক্ষ থাকিবে।";

(২) বিধি ৩৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৩৩। **হাইওয়ে পুলিশের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, ইত্যাদি**।—হাইওয়ে পুলিশের ক্ষেত্রে এই বিধিতে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়ে, এই বিধিমালার উদ্দেশ্যের সহিত সামঞ্জস্য রক্ষা করিয়া, পুলিশ বাহিনীর জন্য প্রযোজ্য Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1998) এর বিধানাবলী, আইন এবং উহার ক্ষমতাবলে জারীকৃত বিধি, প্রবিধান, পুলিশ রেগুলেশন, আদেশ, নির্দেশনা, নীতিমালা, পরিপত্র, অফিস স্মারক বা সরকারি আদেশ প্রযোজ্য হইবে।"।

মহা-পুলিশ পরিদর্শক এর আদেশক্রমে

**এ কে এম শহীদুল হক** বিপিএম, পিপিএম
ইন্সপেক্টর জেনারেল।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd